

ছাত্রদল নেতাদের স্মারকলিপি

শিক্ষাঙ্গন সম্বাসমুক্ত রাখা হবে : খালেদা জিয়া

৭৩

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত এবং ছাত্রদের জীবনের নিরাপত্তার জন্য দেশের শিক্ষাঙ্গন সম্বাসমুক্ত রাখার ব্যাপারে তার সরকারের দৃঢ় সংকল্পের কথা পুনর্ব্যক্ত করেছেন।
বেগম খালেদা জিয়া গতকাল তার সচিবালয়ের অফিসে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সসদের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনাকালে একথা বলেন। ছাত্র নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর কাছে একটি স্মারকলিপি দেয়ার জন্য

সেখানে যান। খবর বাসসর।
বেগম খালেদা জিয়া বলেন, সব শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাসে শান্তি বজায় রাখা এবং ছাত্রদের নিরাপত্তা নিশ্চিত করা যে কোন সরকারেই দায়িত্ব। তিনি বলেন, জনগণের রায়ে নির্বাচিত বিএনপি সরকারের এ ব্যাপারে দায়িত্ব বেশী। তিনি ছাত্র-নেতাদের আশ্বাস দেন যে, এই দায়িত্ব পূরণে তার সরকার কখনও পিছপা হবেনা।
বেগম খালেদা জিয়া বিশেষভাবে

উল্লেখ করেন যে, ডাঃ মিলন হত্যাকারীদের অবশ্যই বিচার হবে এবং শাস্তি হবে।
প্রধানমন্ত্রী বলেন, ক্যাম্পাস সম্বাসমুক্ত রাখা মূলতঃ শিক্ষকদেরই দায়িত্ব। শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি নিশ্চিত করতে তিনি ছাত্রদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও খরণ করিয়ে দেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বেও নিয়োজিত।
জাতীয়তাবাদী ছাত্রদল স্মারক-
(৫-এর পৃঃ ৮ঃ)

শিক্ষাঙ্গন সম্বাসমুক্ত
(প্রথম পৃষ্ঠার পর)
লিপিতে ডাঃ মিলন হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবী জানায়। ঢাকা ভাসিটিতে যারা বিশৃঙ্খলা সৃষ্টি করেছে এবং ভাসিটির সম্পদ ধ্বংস করেছে স্মারকলিপিতে তাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়।
স্মারকলিপিতে বলা হয়, বর্তমানে বিদ্যমান গণতান্ত্রিক পরিবেশ ধ্বংস এবং দেশে একটি নৈরাজ্যজনক পরিস্থিতি সৃষ্টির জন্য একটি স্বার্থান্বেষী মহল ঢাকা ভাসিটিসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সহিংসতা শুরু করেছে।
এতে আরও বলা হয়, ডাঃ মিলন হত্যাকারীরা একটি রাজনৈতিক দলের আশ্রয়ে ঢাকা ভাসিটিতে তাদের ধ্বংসাত্মক কার্যকলাপ অব্যাহত রেখেছে।
ছাত্রনেতৃবৃন্দের মধ্যে খায়রুল কবির বোকন, নাজিমুদ্দিন আলম, ফজলুর রহমান মিলন, ইনিয়াস আলী, কামরুজ্জামান রতন ও আব্দুল মালেক উপস্থিত ছিলেন।